

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd

স্মারক নং- ১জে-১৮/২০১৭- ৩৯০৯

এ,


তারিখঃ ২৮ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ
১১ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বিজ্ঞ আইনজীবীর মৃত্যুতে অধস্তন আদালতসমূহে ডেথ রেভারান্স (Death Reverence) পালন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সারাদেশের আইনজীবী সমিতি কর্তৃক উক্ত সমিতির সদস্য বিজ্ঞ আইনজীবীর মৃত্যুতে (তাঁর স্মরণে) আদালতসমূহে ডেথ রেভারান্স (Death Reverence) অনুষ্ঠান করা হয়। বিজ্ঞ আইনজীবীর প্রতি সম্মানার্থে যে দিন ডেথ রেভারান্স (Death Reverence) অনুষ্ঠিত হয় ঐ দিন আদালতসমূহের বিচারকার্য মূলতবী রাখা হয়।

০২। দেশের কোনো কোনো জেলায় আইনজীবী সমিতি কর্তৃক উক্ত সমিতির সদস্য বিজ্ঞ আইনজীবীর মৃত্যুর দিনেই ডেথ রেভারান্স (Death Reverence) অনুষ্ঠান করা হয়; দেখা যায় এরূপক্ষেত্রে বৎসরে একাধিক আইনজীবীর মৃত্যুতে একাধিক দিন ডেথ রেভারান্স (Death Reverence) অনুষ্ঠিত হয় এবং একাধিক দিন আদালতসমূহের বিচারকার্য মূলতবী থাকে। অধস্তন আদালতসমূহে বর্তমানে প্রায় ২৮ লক্ষাধিক মামলা বিচারাধীন রয়েছে। অসহনীয় মামলা জট হ্রাস করার স্বার্থে যথাসম্ভব বিচারিক কর্ম ঘন্টার সদব্যবহার নিশ্চিত করা আবশ্যিক। আর এ বিবেচনায় বৎসরে একাধিক দিন ডেথ রেভারান্স (Death Reverence) অনুষ্ঠান নিরুৎসাহিত করার কোনো বিকল্প নেই। যৌক্তিক কারণেই এ বিষয়টি বিবেচনায় নিয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতিসহ কিছু কিছু আইনজীবী সমিতি কর্তৃক বিজ্ঞ আইনজীবীগণের (মৃত) স্মরণে বৎসরে একদিন ডেথ রেভারান্স (Death Reverence) অনুষ্ঠান করা হয়।

০৩। এমতাবস্থায়, সারাদেশের আইনজীবী সমিতি কর্তৃক উক্ত সমিতির সদস্য বিজ্ঞ আইনজীবীর মৃত্যুতে (তাঁর স্মরণে) আদালতসমূহে বৎসরে একদিন ডেথ রেভারান্স (Death Reverence) অনুষ্ঠান পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২০/৫/১৭

(সোহাগ রঞ্জন পাল)

সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)

ফোনঃ ৯৫৬১৯৩২।

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ বার কাউন্সিল, বার কাউন্সিল ভবন, ৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্মরণী, রমনা, ঢাকা (সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৩. সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, বার কাউন্সিল ভবন, ৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্মরণী, রমনা, ঢাকা।
৪. জেলা জজ, (সকল)।
৫. মহানগর দায়রা জজ, (সকল)।
৬. বিভাগীয় বিশেষ জজ, (সকল)।
৭. বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, (সকল)।

৮. বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিয়ুকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, (সকল)।
৯. বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল, (সকল)।
১০. সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১১. সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল, (সকল)।
১২. সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৩. চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, (সকল)।
১৪. স্পেশাল জজ (জেলা জজ), (সকল)।
১৫. বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৬. সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, (সকল)।
১৭. চেয়ারম্যান (জেলা জজ), ১/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৮. বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
১৯. বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২০. সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২১. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, (সকল)।
২২. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, (সকল)।
২৩. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২৪. গবেষণা ও তথ্য কর্মকর্তা, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (যথা নিয়মে সংরক্ষণের অনুরোধসহ)।
২৫. সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, (সকল)।
২৬. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
২৮. রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।